



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
ঢাকা-১২০৭  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)



## অফিস আদেশ

বিষয়: নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে করণীয়

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, নভেল করোনা ভাইরাসের সংক্রমণ বিশ্বব্যাপী মহামারী আকার ধারণ করেছে। বাংলাদেশেও এর প্রাদুর্ভাব দেখা দিয়েছে। নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ প্রতিহত করার একমাত্র উপায় সামাজিক দূরত্ব বজায় রাখা ও ভাইরাস আক্রান্ত ব্যক্তিকে অতি দ্রুত স্বাস্থ্যসেবার আওতায় আনা। এছাড়া করোনা ভাইরাসের লক্ষণযুক্ত ব্যক্তিকে অতিসহর শনাক্তকরণ ও কোয়ারেন্টাইন/আইসোলেশন নিশ্চিতের মাধ্যমে কমিউনিটি সংক্রমণ প্রতিহত করা সম্ভব হবে।

২। বর্ণিত প্রেক্ষাপটে বাংলাদেশ সরকারের একজন দায়িত্বশীল কর্মকর্তা/কর্মচারী হিসেবে আপনার আশেপাশের করোনা লক্ষণযুক্ত ব্যক্তির স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে তাদের ফোন নম্বর ৩৩৩-এ এসএমএস করুন।

৩। একজন সচেতন কর্মকর্তা/কর্মচারী হিসেবে আপনার দায়িত্ববোধই পারে নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর করাল থাবা থেকে দেশ ও জাতিকে রক্ষা করতে। তাই উল্লিখিত বিষয়ে কার্যকর ভূমিকা পালনে আপনাকে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-  
(মো: সানোয়ার হোসেন)  
অতিরিক্ত সচিব  
ও  
মহাপরিচালক

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১৬.১৪.০২১.১৮-১২৮


তারিখ: ০৯/০৪/২০২০ খ্রি.

### বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। পরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/ভোকেশনাল/পিআইইউ/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭
- ২। পরিচালক, আঞ্চলিক কার্যালয় (সকল)।
- ৩। প্রকল্প পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরাদীন বিনিয়োগ প্রকল্প (সকল)।
- ৪। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সকল)।
- ৬। অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)।
- ৭। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
- ৮। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।
- ৯। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

### সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় [মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় [উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]

  
(মো: সানোয়ার হোসেন)  
অতিরিক্ত সচিব  
ও  
মহাপরিচালক